গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলী কার্যালয়
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
গোদাগাড়ী, রাজশাহী

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী-র জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত স্থায়ী কমিটির সম্মানিত সকল সদস্যকে জানানো যাচ্ছে যে, আগামী ৩০ আগস্ট ২০২২ তারিখ, সময়- ১১.০০ ঘটিকায় সংশ্লিষ্ট কমিটির সভাপতি, জনাব মোঃ আব্দুল মালেক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী মহোদয়ের সম্মতিক্রমে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকল সদস্যেকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী ঃ
০১। পূর্ববর্তী সভার কার্যাবিবরণী পঠন ও অনুমোদন
০২। গৃহীত সিদ্ধান্তঅগ্রগতির পর্যালোচনা
০৩। কমিটির সুপারিশ পর্যালোচনা সিদ্ধান্ত গ্রহণ
০৪। বিবিধ

সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ও
সদস্য সচিব
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত স্থায়ী কমিটি
গোদাগাড়ী, রাজশাহী

স্মারক নং- ৪৬.০৩.৮১৩৪.৩০১.৯৯.০১৫.১৮- ৮৮২ তারিখ ঃ ২৩ আগস্ট ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ- (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

- ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত স্থায়ী কমিটি,গোদাগাড়ী, রাজশাহী।
- চেয়ারম্যান, চর আষাড়িয়াদহ ইউনিয়ন পরিষদ,গোদাগাড়ী, রাজশাহী।
- চেয়ারম্যান, গোগ্রাম ইউনিয়ন পরিষদ,গোদাগাড়ী, রাজশাহী।
- উপজেলা সমাজসেবা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।
- উপজেলা চেয়ারম্যানের ব্যক্তিগত সহকারী, উপজেলা চেয়ারম্যানের সদয় অবগতির জন্য, গোদাগাড়ী, রাজশাহী।
- উপজেলা নির্বাহী অফিসারের ব্যক্তিগত সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের সদয় অবগতির জন্য, গোদাগাড়ী, রাজশাহী।
- অফিস কপি।

সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ও
সদস্য সচিব
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত স্থায়ী কমিটি
গোদাগাড়ী, রাজশাহী

Scanned with CamScanner

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী-

সভাপতি ঃ জনাব মোঃ আব্দুল মালেক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
সভার স্থান ঃ উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী।
তারিখ ঃ ৩০ আগস্ট ২০২২ তারিখ, সময়- ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর

ক্র: নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ আব্দুল মালেক, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী	সভাপতি	
০২	চেয়ারম্যান, চর আষাড়িয়াদহ ইউপি, গোদাগাড়ী, রাজশাহী	সদস্য	
০৩	চেয়ারম্যান, গোগ্রাম ইউপি, গোদাগাড়ী, রাজশাহী	সদস্য	
০৪	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী	সদস্য	
০৫	সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী	সদস্য-সচিব	

সভাপতি সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় নিম্ন-বর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১.০ পূর্ববর্তী সভার কার্যাবিবরণী পঠন ও অনুমোদনঃ

সভাপতির অনুমতিক্রমে পূর্ববতী সভার কার্যাবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। গত সভার কার্যাবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো।

০২.০ সাবমারসিবল পাম্প সম্পর্কে কমিটির আলোচনা ঃ

সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, বাংলাদেশের ২৩টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (জিওবি-আইডিবি) প্রকল্পের আওতায় গোদাগাড়ী পৌরসভায় সলিড ওয়েস্ট কম্পোজিট সিষ্টেম, স্লাস ট্রিটমেন্ট প্ল্যান্ট, প্রাইমারী ড্রেন, পাবলিক টয়লেট, কমিউনিটি টয়লেট, কমিউনাল বিন নির্মাণ কাজের বরাদ্দ ১৯৬১.০৫ লক্ষ টাকা, কাজের অগ্রগতির হার-৮০%। ২০২১-২০২২ অর্থ বছরে পিইডিপি-৪ আওতায় ০৮টি প্রাথমিক বিদ্যালয়ে দ্বিতল বিশিষ্ট ওয়াশব্লক নির্মাণ বাবদ বরাদ্দ ১২১.১৬ লক্ষ টাকা, কাজ চলমান। ২০২১-২০২২ অর্থ বছরে পিইডিপি-৪ আওতায় ১০টি প্রাথমিক বিদ্যালয়ে দ্বিতল বিশিষ্ট ওয়াশব্লক নির্মাণ বরাদ্দ ১৪৩.৪৩ লক্ষ টাকার কাজ চলমান। ২০২০-২০২১ অর্থ বছরে পিইডিপি-৪ আওতায় ০৮টি প্রাথমিক বিদ্যালয়ে দ্বিতল বিশিষ্ট ওয়াশব্লক নির্মাণ বাবদ বরাদ্দ ১১.৬২ লক্ষ টাকার কাজ চলমান। পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় সকল ইউনিয়নের প্রতিটি বাড়িতে নলকূপের পানির আর্সেনিক স্ক্রিনিং কার্যক্রম এর অগ্রগতির হার ৮৫%। বাংলাদেশের ২৩টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (জিওবি-আইডিবি) প্রকল্পের আওতায় গোদাগাড়ী পৌরসভায় ৫০টি পানির উৎস্য স্থাপন, ০১টি সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ ও ০১টি ওভারহেড ট্যাংক নির্মাণ কাজের বরাদ্দ ১৫৪৪.৯৫ লক্ষ টাকার কার্যাদেশ পাওয়া গিয়াছে, কাজ শুরু হয় নাই। ২০২২-২০২৩ অর্থ বছরে সমগ্রহ দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নের জন্য ২৬টি করে মোট ২৩৪টি সাবমারসিবল পাম্প নলকূপ কার্যক্রম টেন্ডার প্রক্রিয়াধীন। এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে এ ব্যাপারে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

কমিটির নাম	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নের অগ্রগতি
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত স্থায়ী কমিটি	প্রতিটি ইউনিয়ন এবং পৌরসভায় ২০২২-২০২৩ অর্থ বছরের নিতিমালার আলোকে বিভাজন কার্যক্রাম চলমান আছে এবয় নিতিমালা ব্যতিক্রম না ঘটে সে দিকে নজর দিতে হবে।	প্রতিটি ইউনিয়ন এবং পৌরসভায় নিতিমালার সঠিক ব্যবহার হয় সেই মর্মে কাজ করতে হবে এবং নিতিমালা মানা ও বিভাজন সঠিক রাখার জন্য আগামী মাসিক সভায় উপস্থাপন করা হবে।

প্রস্তাবিত সিদ্ধান্ত ঃ প্রতিটি ইউনিয়ন এবং পৌরসভায় জনস্বাস্থ্য ভালা রাখার তাগিতে সকরকে সচেতন থাকতে হবে। নেই মর্মে মাসিক সভায় উপস্থাপন করা যেতে পারে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

৩০/৮/২০২২
(মোঃ আব্দুল মালেক)
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত স্থায়ী কমিটির কমিটি
গোদাগাড়ী, রাজশাহী।

Scanned with CamScanner